


# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন, ঢাকা।

www.probashi.gov.bd

# প্রবাসী কর্মীর জীবন বীমা

**প্রবাসী কর্মীর জীবন বীমা**

**প্রকাশকাল:**
১৭ মার্চ ২০২২
প্রকাশক:
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

**মুদ্রণ:**
আর.এম ট্রেডার্স
নীলক্ষেত সিটি কর্পোরেশন মার্কেট
ঢাকা।

**প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত**



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রত্যেক প্রবাসী কর্মীর জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে চায়। এমন ব্যবস্থা নিতে চায় যাতে অকাল মৃত্যু হলেও প্রবাসী কর্মীর পরিবারের সদস্যরা আবার সাহসে বুক বেঁধে ঘুরে দাঁড়াতে পারে। আর এজন্যই ২০১৯ সালের ২৫ নভেম্বর থেকে চালু করা হয় বিদেশগামী কর্মীদের জন্য বাধ্যতামূলক বীমা ব্যবস্থা।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯ ডিসেম্বর ২০১৯ রাজধানীর বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে একজন বিদেশগামী কর্মীকে বীমাভূক্ত করে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করেন।

এর মাধ্যমে নামমাত্র প্রিমিয়াম দিয়ে বিদেশগামী কর্মীরা জীবন বীমা সহায়তা পেতে পারেন।





**সকল বিদেশগামী কর্মীর জন্য বীমা বাধ্যতামূলক।**

ক) বীমা: ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা।

খ) বীমার মেয়াদ: ০২ (দুই) বছর।

বিদেশগামী বাংলাদেশী কর্মী বিদেশ যাওয়ার উদ্দেশ্যে বর্হিগমন ছাড়পত্র নেয়ার তারিখ হতে বীমার মেয়াদ ২ (দুই) বছর পূর্তি পর্যন্ত জীবন বীমা কর্পোরেশন বীমার দাবী পরিশোধ করবে।




বীমার মেয়াদ ২ (দুই) বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে বিদেশে অবস্থানরত প্রবাসী কর্মী স্ব-উদ্যোগে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মাধ্যমে পরবর্তী ২ বছর অন্তর অন্তর বীমাপত্রটি নবায়ন করতে পারবে।

বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে নবায়ন করা হলে বীমা গ্রাহককে প্রিমিয়ামের উপর ২% ছাড় প্রদান করা হবে।

বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ (ত্রিশ) দিন পর বীমাপত্রটি নবায়ন করা হলে বীমাগ্রাহককে অবিরাম ভাল স্বাস্থ্যের ঘোষণা (Declaration of Good Health বা DGH) প্রদান করতে হবে।




**বয়স সীমাঃ**

১৮ থেকে ৫৮ বছর

**প্রদেয় প্রিমিয়ামঃ**

৪৯০.০০ (চারশত নব্বই) টাকা এককালীন।


**সুবিধাঃ**

- চুক্তির মেয়াদের মধ্যে বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে সম্পূর্ণ বীমা অংক প্রদেয়।
- সম্পূর্ণ স্থায়ী পঙ্গুত্ব (অক্ষমতা) হলে সম্পূর্ণ বীমা অংক তফসিল-খ অনুযায়ী প্রদেয়।
- আংশিক স্থায়ী পঙ্গুত্ব (অক্ষমতা) হলে বীমার অংকের একটি নির্দিষ্ট অংক শতকরা হার তফসিল-গ অনুযায়ী প্রদেয়।




## (ক) বীমা গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রে প্রাপ্য সুবিধাসমূহ:

- ❑ বীমা গ্রহণকারী প্রবাসী কর্মীর স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে এ-বীমার আওতায় চার লক্ষ টাকা প্রদান করা হবে।
- ❑ দূর্ঘটনাজনিত কারণে বীমার মেয়াদকালে অথবা বীমার মেয়াদ উত্তীর্ণের পর ৯০ দিনের মধ্যে বীমাগ্রাহকের মৃত্যু হলে এ বীমার আওতায় চার লক্ষ টাকা প্রদান করা হবে।


প্রবাসী কর্মী বীমার সুবিধাসমূহ

সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা

| ক্ষতির বিবরণ | প্রদেয় সুবিধা |
|---|---|
| উভয় চক্ষুর দৃষ্টিশক্তি নষ্ট হলে | বীমা অংকের ১০০% |
| কব্জির উপর হতে উভয় হাত কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% |
| গোড়ালির উপর থেকে উভয় পা সম্পূর্ণ কাটা/খোয়া | বীমা অংকের ১০০% |
| কব্জির উপর হতে এক হাত এবং গোড়ালির উপর থেকে এক পা কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% |
| এক চক্ষু এবং কব্জির উপর থেকে এক হাত নষ্ট/কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% |
| এক চক্ষু এবং গোড়ালীর উপর থেকে এক পা নষ্ট/কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% |

## (খ) বীমা গ্রাহকের সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা/ পঙ্গুত্বের ক্ষেত্রে প্রাপ্য সুবিধাসমূহ:

| ক্রম | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ০১. | উভয় চক্ষুর দৃষ্টিশক্তি নষ্ট হলে | বীমা অংকের ১০০% বা চার লক্ষ টাকা |
| ০২. | কব্জির উপর হতে উভয় হাত কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০০% বা চার লক্ষ টাকা |
| ০৩. | গোড়ালির উপর থেকে উভয় পা কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০০% বা চার লক্ষ টাকা |
| ০৪. | কব্জির উপর থেকে এক হাত এবং গোড়ালির উপর থেকে এক পা কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% বা চার লক্ষ টাকা |
| ০৫. | এক চক্ষু এবং কব্জির উপর থেকে এক হাত নষ্ট/কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% বা চার লক্ষ টাকা |
| ০৬. | এক চক্ষু এবং গোড়ালির উপর থেকে এক পা নষ্ট/কাটা/খোয়া গেলে | বীমা অংকের ১০০% বা চার লক্ষ টাকা |

## প্রবাসী কর্মী বীমার সুবিধাসমূহ

### আংশিক স্থায়ী অক্ষমতা


| ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|
| এক চোখের দৃষ্টিশক্তি হারিয়ে গেলে | বীমা অংকের ৫০% |
| কব্জির উপর হতে এক হাত কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ৫০% |
| গোড়ালির উপর থেকে এক পা সম্পূর্ণ কাটা বা খোয়া | বীমা অংকের ৫০% |
| উরুসন্ধি হতে হাটুর নিচ পর্যন্ত সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ২৫% |
| এক পা কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ২৫% |
| নিচের চোয়াল সরে গেলে | বীমা অংকের ২৫% |
| বৃদ্ধাঙ্গুলিসহ হাতের চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা গেলে | বীমা অংকের ২৫% |
| হাতের বৃদ্ধাঙ্গুলি সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% |
| পায়ের সকল আঙ্গুল কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% |
| তর্জণী আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% |
| মাঝের আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% |
| অনামিকা আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% |
| ছোট আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% |
| পায়ের বড় আঙ্গুল ছাড়া যেকোন একটি কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% |
| পায়ের বড় আঙ্গুলসহ চার আঙ্গুল সম্পূর্ণরূপে একটি কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% |
| পায়ের বড় আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% |

## (গ) বীমা গ্রাহকের আংশিক স্থায়ী অক্ষমতা/ পঙ্গুত্বের ক্ষেত্রে প্রাপ্য সুবিধাসমূহঃ

| ক্রম | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ০১. | এক চোখের দৃষ্টিশক্তি নষ্ট হলে | বীমা অংকের ৫০% বা দুই লক্ষ টাকা |
| ০২. | কব্জির উপর হতে এক হাত কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ৫০% বা দুই লক্ষ টাকা |
| ০৩. | গোড়ালির উপর থেকে এক পা সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ৫০% বা দুই লক্ষ টাকা |
| ০৪. | উরুসন্ধি হতে (Lower limb) হাঁটুর নিচ পর্যন্ত (Below knee) সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ২৫% বা এক লক্ষ টাকা |
| ০৫. | এক পা কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ২৫% বা এক লক্ষ টাকা |
| ০৬. | নিচের চোয়াল সরে গেলে | বীমা অংকের ২৫% বা এক লক্ষ টাকা |

| ক্রম | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
| --- | --- | --- |
| ০৭. | বৃদ্ধাঙ্গুলিসহ হাতের চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা গেলে | বীমা অংকের ২৫% বা এক লক্ষ টাকা |
| ০৮. | হাতের বৃদ্ধাঙ্গুলি সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% বা ষাট হাজার টাকা |
| ০৯. | পায়ের সকল আঙ্গুল কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% বা ষাট হাজার টাকা |
| ১০. | তর্জণী আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% বা ষাট হাজার টাকা |
| ১১. | মাঝের আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১৫% বা ষাট হাজার টাকা |
| ১২. | অনামিকা আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% বা চল্লিশ হাজার টাকা |
| ১৩. | ছোট আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% বা চল্লিশ হাজার টাকা |
| ১৪. | পায়ের বড় আঙ্গুল ছাড়া যেকোন একটি আঙ্গুল কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% বা চল্লিশ হাজার টাকা |
| ১৫. | পায়ের বড় আঙ্গুলসহ চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% বা চল্লিশ হাজার টাকা |
| ১৬. | পায়ের বড় আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে | বীমা অংকের ১০% বা চল্লিশ হাজার টাকা |

বিশেষ দ্রষ্টব্য : আংশিক স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব হওয়ার পর মৃত্যুবরণ করলে মৃত্যু-দাবী (বীমা অংক) থেকে আংশিক স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব জনিত প্রদেয় দাবী বাদ দিয়ে অবশিষ্ট বীমা অংক মৃত্যু দাবী হিসেবে প্রদান করা হবে।




- ❑ বীমার ঝুঁকি গ্রহণের ১২ মাসের মধ্যে আত্মহত্যা অথবা স্বীয় ক্ষতি
- ❑ এইডস বা এইচআইভি সম্পর্কিত রোগে সরাসরি মৃত্যু অথবা অসুস্থতা
- ❑ উচ্চ ঝুঁকি সম্পন্ন খেলা অথবা দুঃসাহসিক কার্যকলাপের কারণে মৃত্যু; যেমন- মোটর রেসিং, মুষ্টিযুদ্ধ, স্কুবা ডাইভিং, hand gliding, parachuting, ঘোড়দৌড়, পর্বতারোহন, ইত্যাদি কারণে মৃত্যুবরণ
- ❑ Pre-existing conditions prior to commencement of membership
- ❑ মদ অথবা মাদকাসক্তির কারণে মৃত্যু, যুদ্ধ অথবা দাঙ্গা অথবা সন্ত্রাসী কার্যকলাপের কারণে মৃত্যু গুরুতর অপরাধে আদালতের রায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত




এ চুক্তিপত্র কার্যকর থাকাকালীন যদি বিদেশগামী বাংলাদেশি কর্মী বা বীমা গ্রাহকের বহির্গমন ছাড়পত্র প্রদানের তারিখ হতে ২ (দুই) বছরের মধ্যে বিদেশে বা বাংলাদেশে মৃত্যু হয় অথবা তিনি সম্পূর্ণ স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব) বা আংশিক স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব) বরণ করেন, সেক্ষেত্রে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বীমা দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষা করে জীবন বীমা কর্পোরেশনকে বীমার অর্থ প্রদানের জন্য সুপারিশ প্রেরণ করবে।

সুপারিশের প্রেক্ষিতে চুক্তি অনুসরণ করে জীবন বীমা কর্পোরেশন দাবীর আর্থিক সুবিধা বাংলাদেশি টাকায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে অনতিবিলম্বে পরিশোধ করবে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বীমার অর্থ পাওয়ার পর বীমা গ্রাহক বা তাঁর ওয়ারিশকে উক্ত অর্থ প্রদান করবে।

## প্রবাসবন্ধু কল সেন্টার

প্রবাসী কর্মীর যেকোন প্রয়োজনে কলসেন্টারে ফোন করুন এবং তথ্যসেবা নিন।



**নিচের যেকোন টেলিফোন নম্বরে ফোন করে কাঙ্খিত সেবা পেতে পারেন:**



**০৮০০০১০২০৩০ (টোল ফ্রি)**
**০১৭৮৪ ৩৩৩ ৩৩৩**
**০৯৬১০ ১০২০৩০**
**০১৭৯৪ ৩৩৩ ৩৩৩**

## অনলাইন সেবা

অনলাইন সেবা পেতে ভিজিট করুন:

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
www.probashi.gov.bd

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
www.bmet.gov.bd

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
www.wewb.gov.bd

প্রবাসী কল্যাণ ব্যাংক
www.pkb.gov.bd